MAY 30 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতি

# ৬-দফার দাবীতে অনশনের কর্মসূচী ঘোষণা

**ইত্তেফাক রিপোর্ট** ॥ বাংলাদেশ কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতি গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ৫ শত টাকার স্থলে

(শেষ পৃষ্ঠায় দেখুন)

## ৬-দফার দাবীতে

(শেষ পৃষ্ঠার পর)

জাতীয় বেতন স্কেলে মাসিক বেতন প্রদানসহ ৬ দফা দাবী আদায়ের জন্য ১১ই জুন কেন্দ্রীয় শহীদ মিনারে আমরণ অনশন কর্মসূচী ঘোষণা করিয়াছে। সমিতির মহাসচিব মাহবুবুল আলম সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন। সমিতির সভাপতি মোঃ হাফিজুর রহমান খান, নজরুল ইসলাম, এখলাছ উদ্দিন, সুভাষ চন্দ্র ভৌমিক প্রমুখ সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। সাংবাদিক সম্মেলনে সারাদেশে ৩ হাজার ৫ শত কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত প্রায় ১৫ হাজার শিক্ষক-শিক্ষিকার দূরবস্থা তুলিয়া ধরিয়া বলা হয়, প্রচলিত বেতন স্কেলে বর্তমানে একজন এমএলএসএস-এর ন্যূনতম বেতন ১ হাজার ৬২৫ টাকা। অথচ কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষক পাইতেছেন মাত্র ৫শত টাকা। ইতিমধ্যে রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদের জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্ত করা হইয়াছে। আশা করা হইয়াছিল কমিউনিটি বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারাও এই সুযোগ পাইবেন। সাংবাদিক সম্মেলনে বলা হয়, শোনা যাইতেছে কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় পরিচালনার দায়িত্ব এনজিওদের হাতে ছাড়িয়া দেওয়ার উদ্যোগ নেওয়া হইয়াছে। যে কোন মূল্যে এই উদ্যোগ প্রতিহত করা হইবে। শিক্ষক সমিতির ৬ দফা দাবীসমূহঃ কমিউনিটি বিদ্যালয়ে শিক্ষকদের জন্য সার্ভিস বুক চালু করা, দুই কক্ষের বিদ্যালয়কে ৪ কক্ষে রূপান্তরিত করা ইত্যাদি।